**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) নতুন কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যদের মধ্যে আজ দপ্তর বন্টন করা হয়েছে ।**

**(২) তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রধানমন্ত্রী–কিষান সম্মান নিধির ১৭ তম কিস্তির অনুমোদন করেন ।**

**(৩) খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, রাজ্য সরকারের খাদ্য দপ্তর অন্যান্য মরসুমের মতো চলতি খারিফ মরসুমে ন্যুনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে ।**

**(৪) টিসিএ পরিচালিত সদরের আন্ত:স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল, প্রণবানন্দ বিদ্যাভবন, নন্দননগর স্কুল ও বিদ্যাসাগর স্কুল সেমিফাইনালে উঠেছে ।**

**************************************************

**Cabinet Meeting :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেবিনেটের নেতৃত্বে নতুন মন্ত্রিসভা বন্টন হয়েছে। এন.ডি.এ নেতৃত্বাধীন নতুন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ এই দপ্তর বন্টন করা হয়।

প্রতিরক্ষা – রাজনাথ সিং। স্বরাষ্ট্র – অমিত শাহ, অর্থ-নির্মলা সীতারমন, কৃষি-শিবরাজ চৌহান, বিদ্যুৎ ও নগর উন্নয়ন – মনোহর লাল খট্টর, তথ্য ও সম্প্রচার-অশ্বিনী বৈষ্ণব, খাদ্য প্রক্রিয়াকরণ -চিরাগ পাসোয়ান, স্বাস্থ্য- জে পি নাড্ডা, শিক্ষা-ধর্মেন্দ্র প্রধান, জল শক্তি মন্ত্রক-সি আর পাটিল, মহিলা ও শিশু বিকাশ-অন্নপূর্ণা দেবী।

*****************************

**PM-Kishan :**

নরেন্দ্র মোদি আজ তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পর শ্রী মোদী প্রধানমন্ত্রী-কিষান সম্মান নিধির ১৭ তম কিস্তির অনুমোদন করেন। এই কিস্তিতে প্রায় বিশ হাজার কোটি টাকা দেয়া হবে এবং এতে নয় কোটি ৩০ লক্ষ কৃষক উপকৃত হবেন। শ্রী মোদী বলেন, নতুন সরকারের প্রথম সিদ্ধান্ত কৃষক কল্যাণে সরকারের প্রতিশ্রুতির রূপায়ণ। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার ভবিষ্যতে কৃষক এবং কৃষি ক্ষেত্রের জন্য আরও বেশি কাজ করে যাবে।

PM-KISAN প্রকল্পটি ২০১৯ সালে সারা দেশে সমস্ত কৃষক পরিবারকে সহায়তা প্রদানের লক্ষ্যে চালু করা হয়েছিল। প্রকল্পের অধীনে, যোগ্য কৃষক পরিবারকে বছরে ছয় হাজার টাকা আর্থিক সুবিধা দেওয়া হয়। প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের ১০০ শতাংশ আর্থিক সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। দু'হাজার টাকা করে তিন

কিস্তিতে ৬ হাজার টাকা সরাসরি সুবিধাভোগীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে স্থানান্তর করা হচ্ছে। এই প্রকল্পটি ১১ কোটিরও বেশি কৃষক পরিবারকে উপকৃত করেছে এবং এখন পর্যন্ত তাদের অ্যাকাউন্টে তিন লক্ষ কোটি টাকারও বেশি স্থানান্তরিত হয়েছে।

**************************

**Food Minister-Paddy procurement :**

খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্য সরকারের খাদ্য দপ্তর অন্যান্য মরসুমের মতো চলতি খারিফ মরসুমে ন্যুনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, আগামী ১৫ই জুন থেকে ২১ টাকা ৮৩ পয়সা প্রতিকেজি মূল্যে ১৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি বলেন, ৩১টি ব্লকে ধান ক্রয় কেন্দ্র থাকবে। তিনি বলেন, গত ২০১৮ সাল থেকে রাজ্য সরকার ন্যুনতম সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করছে। এখন পর্যন্ত ১ লক্ষ ৩০৯ জন কৃষকের কাছ থেকে ৩৭২ কোটি টাকা ব্যয়ে ১ লক্ষ ৯২ হাজার ৫২ মেট্রিকটন ধান কেনা হয়েছে। আগামী ১৫ই জুন দক্ষিণ জেলার জোলাইবাড়িতে এক অনুষ্ঠানে এই ধান ক্রয় করার সূচনা করা হবে বলে তিনি জানান।

**************************

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী বলেছেন, ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন প্রক্রিয়া আগস্টের প্রথম সপ্তাহের মধ্যেই শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আজ নির্বাচন দপ্তরে শ্রী চৌধুরী

জানান, নির্দিষ্ট সময়ে পঞ্চায়েত ভোট করতে ইতিমধ্যেই যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। মোট ৩৫টি ব্লকে ২৬৫০টি পোলিং স্টেশন চিহ্নিত করা হয়েছে। তিনি জানান, পঞ্চায়েত ভোটের জন্য প্রকাশিত খসড়া ভোটার তালিকায় মোট ১২ লক্ষ ৯৫ হাজার ৯৬ জন ভোটার রয়েছেন। দাবি ও আপত্তি নিষ্পত্তির পর আগামী ২৪ জুন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। শ্রী চৌধুরী আরও জানান, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর সরকারের সঙ্গে নির্বাচনের তারিখ নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা হবে। আটটি জিলা পরিষদ, ৩৫টি পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতে ৬ হাজার ৩৭০টি আসনের জন্য ভোট নেওয়া হবে।

*******************************

**ADC :**

নিয়োগ পরীক্ষার নমুনা উত্তরপত্র ফাঁস হয়ে যাবার পরিপ্রেক্ষিতে এডিসির কার্যনির্বাহী কমিটি রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যানের পদ থেকে দাতা মোহন জমাতিয়াকে অপসারণের সিদ্ধান্ত নিয়েছে। আজ খুমুলুং-এ সাংবাদিক সম্মেলনে এখবর জানান এডিসির মুখ্যনির্বাহী সদস্য পূর্ণ মোহন জমাতিয়া। তিনি জানান, এই ঘটনা নিয়ে পুলিশে মামলা দায়ের করা হয়। পুলিশ তদন্ত চালিয়ে যাচ্ছে। এপর্যন্ত দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। নিয়োগ পরীক্ষার উত্তরপত্র ফাঁস হয়ে যাবার ঘটনায় মুখ্যনির্বাহী সদস্য দুঃখ প্রকাশ করেন। এদিকে, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সি কে জমাতিয়া জানিয়েছেন, সাব জ্যোনাল ডেভেলপমেন্ট অফিসার ও ডেপুটি প্রিন্সিপাল অফিসারের ১১০টি শূন্যপদ নিয়োগের জন্য নতুন করে পরীক্ষাসূচী আগামী এক সপ্তাহের মধ্যে ঘোষণা করা হবে।

****************************

**Hasina-PM-Sonia :**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বাংলাদেশ সফরে যাবার আমন্ত্রণ জানিয়েছেন। গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রিসভার শপথ গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও শেখ হাসিনা বৈঠকে মিলিত হন।

শেখ হাসিনা আজ দুপুরে কংগ্রেসের সংসদীয় দলের চেয়ারপার্সন সোনিয়া গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করেন। উপস্থিত ছিলেন সাংসদ রাহুল গান্ধী ও কংগ্রেসের সাধারণ সম্পাদিকা প্রিয়াঙ্কা গান্ধী বঢরা।

****************************

**PMO,PM :**

আজ দায়িত্বভার গ্রহণ করে প্রধানমন্ত্রীর দপ্তরের আধিকারিক এবং কর্মীদের উদ্দেশে ভাষণে দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, প্রধানমন্ত্রীর দপ্তরকে একটি সেবা প্রতিষ্ঠান এবং মানুষের দপ্তর হিসেবে গড়ে তোলার উপর জোর দেওয়া হয়েছে প্রথম থেকেই। তিনি বলেন, সরকার মানে ক্ষমতা, নিষ্ঠা এবং সংকল্পের নতুন প্রাণশক্তি এবং তিনি বিশ্বাস করেন যে প্রধানমন্ত্রীর দপ্তর নিষ্ঠার সঙ্গে মানুষের কাজ করার জন্য নিবেদিত। তিনি আরও বলেন, আমাদের সামনে প্রধান কাজ সকলে মিলে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জন করা।

************************************************

**Bye Election :**

নির্বাচন কমিশন সাতটি রাজ্যের ১৩টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করেছে। এর মধ্যে চারটি বিধানসভা কেন্দ্র রয়েছে পশ্চিমবঙ্গে, তিনটি হিমাচল প্রদেশে, দুটি উত্তরাখণ্ডে এবং একটি করে বিহার, তামিলনাড়ু, মধ্যপ্রদেশ ও পাঞ্জাবে। কমিশন জানিয়েছে, এই বিধানসভা কেন্দ্রগুলির জন্য আগামী মাসের ১০ তারিখে ভোটগ্রহণ করা হবে এবং ১৩ই জুলাই ভোট গণনা করা হবে।

************************

**Bal Taskari se Ajadi :**

শিশু পাচার রোধ ও প্রতিরোধে মানুষকে সচেতন করে তোলার লক্ষে "বাল তস্করী সে আজাদী 2.0" শীর্ষক এক কর্মশালা আজ রাজধানীর প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয়। জাতীয় শিশু সুরক্ষা কমিশনের সহায়তায় এবং রাজ্য শিশু সুরক্ষা কমিশন ও পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় শিশু পাচার রোধে রাজ্যের সকল অংশের মানুষকে আরো সংবেদনশীল থাকার উপর গুরুত্বারোপ করা হয়। কর্মশালায় জাতীয় শিশু সুরক্ষা কমিশনের কনসালটেন্ট সোনাক্ষী রাধিকা বলেন শিশু পাচারের মতো অপরাধ সমাজ থেকে চিরতরে নির্মূল করার জন্য জনগনকে আরো বেশী সচেতন থাকতে হবে। রাজ্য শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা শিশু সুরক্ষার বিষয়ে সচেতন থাকার উপর গুরুত্বারোপ করেন। একদিনের এই কর্মশালায় বিভিন্ন স্তরের পুলিশ আধিকারিক ও প্রশাসনিক আধিকারিকরা উপস্থিত ছিলেন।

****************************

**Felicitation :**

রাণীরবাজার পুরপরিষদের উদ্যোগে গীতাঞ্জলি টাউন হলে আজ এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। রাণীরবাজার এলাকার শিশু নিকেতন বিদ্যালয়ের ছাত্র তুষার রুদ্রপাল ও শান্তনু শীল এবছর উচ্চমাধ্যমিক ও মাধ্যমিকে মেধা তালিকায় স্থান পেয়েছে। মন্ত্রী শ্রী চৌধুরী তাদের সাফল্যের এই ধারাবাহিকতা আগামীদিনেও অক্ষুন্ন রাখার আহবান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্ল দাস, জিরানীয়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর প্রমুখ। অনুষ্ঠানে রাণীরবাজার পুরপরিষদ এলাকার ৪টি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ৩৩৫ জন কৃতী ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়।

**************************

**Youth congress :**

এ ডি সি প্রশাসনের নিয়োগ প্রক্রিয়ার উত্তরপত্র ফাঁসের ঘটনায় সিবিআই তদন্ত দাবি করল যুব কংগ্রেস। আজ আগরতলায় কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানান ত্রিপুরা প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা। তাছাড়া এই দুর্নীতির সঙ্গে জড়িত সবাইকে অবিলম্বে গ্রেফতার করার দাবি জানান তিনি। উল্লেখ্য গতকাল পরীক্ষার আগেই উত্তরপত্র ফাঁস হওয়ার কারণে এ ডি সি প্রশাসনের সাবজোনাল ডেভেলপমেন্ট অফিসার এবং ডেপুটি প্রিন্সিপাল অফিসার পদে ১১০টি শূন্য পদে নিয়োগ পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।

*******************************

**Felicitation :**

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আগামীকাল আগরতলায় কমিশনের কার্যালয়ে কৃতি সন্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে এ বছরের ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম দশ জনের মধ্যে স্থানাধিকারী ছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হবে। পাশাপাশি পদ্মশ্রী প্রাপ্ত রাজ্যের জিমনাস্ট দীপা কর্মকার ও স্মৃতি রেখা চাকমাকে ও সম্বর্ধিত করা হবে।

*************************

**Accident death :**

চাম্পাহাওর থানা এলাকার বেহালা বাড়িতে উচ্চ ক্ষমতা সম্পন্ন বৈদ্যুতিক লাইনে সারাই করতে গিয়ে বিদ্যুৎ নিগমের তুলাশিখর সাব্ ডিভিশনের এক সহায়ক শ্রমিকের মৃত্যু হল। মৃত শ্রমিকের নাম মিঠুন দাস, বয়স ৪০। তার বাড়ি খোয়াই থানাধীন বাগাই এলাকায়। বিদ্যুৎ নিগমের খোয়াই ডিভিশন টেন এর ডিজিএম সাবেন্দ্র দেববর্মা জানিয়েছেন বৈদ্যুতিক লাইন বন্ধ করে কাজ করার সময় হঠাৎ বেহালা বাড়ির কমলা বাগান এলাকায় কিছু দুষ্কৃতী বৈদ্যুতিক লাইনটি চালু করে দেয়। তাতেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিকের মৃত্যু হয়। এই ঘটনায় বিদ্যুৎ নিগম চাম্পাহাওর থানায় একটি মামলা দায়ের করেছেন।

***********************

**ABVP Protest :**

নিট ইউ জি ২০২৪ পরীক্ষায় অনিয়মের অভিযোগ তুলে ন্যাশনাল টেস্টিং এজেন্সীর বিরুদ্ধে ব্যবস্থা নেবার দাবিতে ভারতীয় বিদ্যার্থী

পরিষদ ত্রিপুরা শাখার পক্ষ থেকে আজ উজ্জয়ন্ত প্রসাদের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। বিদ্যার্থী পরিষদ এই বিষয়ে সিবিআই তদন্তের দাবি করেছে।

*****************************

**TSF demanding CBI :**

এডিসিতে নিয়োগ পরীক্ষায় উত্তরপত্র ফাঁসের ঘটনায় সিবিআই তদন্ত চেয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর উদ্দেশে ডেপুটেশন দিয়েছে ছাত্র সংগঠন তিপ্রা স্টুডেন্ট ফেডারেশন। আজ রাজ্যপালের সচিব ইউ কে চাকমা এই ডেপুটেশন গ্রহন করেন।

**********************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত সদরের আন্ত:স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল, প্রণবানন্দ বিদ্যাভবন, নন্দননগর স্কুল ও বিদ্যাসাগর স্কুল সেমিফাইনালে উঠেছে। আজ আসরের একটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে দুপুরের খেলায় নন্দননগর স্কুল ৬ উইকেটে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরকে পরাজিত করে। এর আগে একই মাঠে সকালে বিদ্যাসাগর স্কুল বনাম আসাম রাইফেলস পাব্লিক স্কুল এবং অপরদিকে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে প্রণবানন্দ বিদ্যাভবন বনাম প্রাচ্য ভারতী স্কুলের খেলা দুটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। আগামী ১৩ জুন দুটি সেমিফাইনাল ও ১৫ জুন ফাইন্যাল খেলা হবে।

**************************

**Yoga Day :**

দশম আন্তর্জাতিক যোগ দিবসকে সামনে রেখে বেসরকারি উদ্যোগেও বিভিন্ন সংগঠন নানা কর্মসূচির হাতে নিয়েছে। পশ্চিম জেলা যোগাসন সংস্থা ও আয়ুষ বিভাগের যৌথ উদ্যোগে ২০শে জুন সকালে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা করবে। এই শোভাযাত্রাটি মেলারমাঠের এগিয়ে চলো সংঘের প্রাঙ্গন থেকে শুরু হয়ে রাজধানীর রাজপথ পরিক্রমা করবে। পশ্চিম জেলা যোগাসন সংস্থার সভাপতি উত্তম দেবনাথ এখবর জানান। এছাড়া বিভিন্ন ক্লাব ও সংগঠনের পক্ষ থেকে ২১শে জুন যোগা দিবস পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস। গত চব্বিশ ঘণ্টায় বৃষ্টি হয়েছে সাত দশমিক তিন মিলিমিটার। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

****************************